যে ব্যক্তি তার কোনো (মুসলিম) ভাইয়ের সঙ্গে বছরব্যাপী বাক্যালাপ বন্ধ করবে, তা হবে তার রক্তপাত ঘটানোর মতো।

আবূ খিরাশ হাদরাদ ইবন আবূ হাদরাদ আসলামী থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “যে ব্যক্তি তার কোনো (মুসলিম) ভাইয়ের সঙ্গে বছরব্যাপী বাক্যালাপ বন্ধ করবে, তা হবে তার রক্তপাত ঘটানোর মতো।”
[সহীহ] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

কোনো শর‘ঈ উদ্দেশ্য ছাড়া যে ব্যক্তি তার ভাইয়ের সাথে কথা বলা ছেড়ে দেয় এবং এ অবস্থায় এক বছর অতিবাহিত হয়, তার ওপর শাস্তি অবধারিত। যেমননিভাবে তার রক্ত প্রবাহিত করা শাস্তিকে অবধারিত করে। আর বিচারক তাকে ফিরানোর জন্য এবং অন্যদের শিক্ষা দেওয়ার জন্য যে শাস্তি প্রয়োগ করা তার জন্য উপযুক্ত মনে করবে তাই তার শাস্তি। আর যদি তাকে ছেড়ে দেওয়া শর‘ঈ কোনো উদ্দেশ্যে হয়ে থাকে যেমন বিদ‘আতী ও ফাসিকদের সাথে কথা না বলা। তখন উচিৎ হলো যতদিন পর্যন্ত তাদের থেকে কোনো তাওবাহ অথবা হকের দিকে ফিরে আসা না প্রকাশ পায় ততদিন পর্যন্ত তাদের সাথে কথা না বলার ওপর স্থায়ী থাকা।

http://sunnah.global/hadeeth/bn/show/8885